

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৮৭০

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২৩. জীবিত ব্যক্তির পক্ষ হতে (বদলী) হজ্জ করা প্রসঙ্গে

### بَاب فِي الْحَجِّ عَنْ الْحَيِّ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي الزُّهْرِيُّ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ امْرَأَةً مِنْ خَتَمِ اسْتَفْتَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَجَّةِ الْوَدَاعِ وَالْفَضْلُ بْنُ عَبَّاسٍ رَدِيفُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ يَا رَسُولَ اللَّهِ إِنَّ فَرِيضَةَ اللَّهِ عَلَى عِبَادِهِ أُدْرِكْتُ أَبِي شَيْخًا كَبِيرًا لَا يَسْتَطِيعُ أَنْ يَسْتَوِيَ عَلَى الرَّاحِلَةِ فَهَلْ يَقْضِي أَنْ أَحُجَّ عَنْهُ قَالَ نَعَمْ

বাংলা

১৮৭০. ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। আল-ফাদল রাযিয়াল্লাহু আনহু বিদায় হাজ্জের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সওয়ারীতে তাঁর পিছনে উপবিষ্ট ছিলেন। তখন খাছআম গোত্রের এক মহিলা তাঁর নিকট এসে জানতে চাইলো, হে আল্লাহর রাসূল! বান্দাদের উপর আল্লাহর ধার্যকৃত হজ্জ আমার পিতার উপরও অতি বৃদ্ধ বয়সে ফরয হয়েছে। কিন্তু তিনি বাহনের পিঠে চেপে বসতে সক্ষম নন। ফলে আমি তার পক্ষ থেকে হাজ্জ করলে তা আদায় হবে কি? তিনি বলেনঃ হ্যাঁ।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, মাগাযী, ১৫১৩; আগের হাদীসটি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82153>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন